

## চাবিতে শিবির সন্দেহে শিক্ষার্থীকে বেধড়ক পিটিয়েছে ছাত্রলীগ

বিধবিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (চাবি) মুহম্মীন হলের এক শিক্ষার্থীকে শিবির সন্দেহে মারধর করেছে শানা ছাত্রলীগের নেতাকর্মীরা। বৃহস্পতিবার বিকালে রোকেয়া হলের সামনে এ ঘটনা ঘটে। পিটনির শিকার এই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র এবং তার নাম খালিদ। প্রত্যাফদশীরা জানান, রোকেয়া হলের সামনে দিয়ে রিকশাযোগে যাচ্ছিলেন খালিদ। এ সময় মুহম্মীন হলের ছাত্রলীগ নেতাকর্মীরা তাকে দেখতে পেয়ে রিকশা গতিরোধ করে। একপর্যায়ে রিকশা থেকে নামিয়ে হল মুহম্মীন হলের সাধারণ সম্পাদক মেহেদী হামনের অনুমারী ছাত্রলীগ নেতাকর্মীরা তাকে রড এবং লাঠি দিয়ে মারধর করেন। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিম তাকে আহত অবস্থায় উদ্ধার করে শাহবাগ থানায় নিয়ে যান। পরে শারীরিক অবস্থার অবনতি দেখে গুরুতর আহত অবস্থায় পুলিশ তাকে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে নিয়ে প্রাথমিক চিকিৎসা দিয়ে পুনরায় থানায় নিয়ে আসে।